

অদ্য ২৮ মে ২০০৮, এনটিভির নিয়মিত আয়োজন “আজকের সকাল” এ আয়শা নুশরাতের উপস্থাপনায় প্রাক বাজেট আলোচনায় অতিথি বেগম শামসুন নাহার, জেডার বিশেষজ্ঞ, তার মতামত প্রদান করেন

জনসেবা খাতে বেশী গুরুত্ব দিয়ে স্থানীয় পর্যায়ে সরকারী হাসপাতাল সমূহ থেকে সেবার মান নিশ্চিত করতে হবে

জনসেবা খাতের মূল গুরুত্বপূর্ণ বিষয় সমূহ হচ্ছে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, বিদ্যুৎ ও পানি। এবারের বাজেটে সরকারকে এসব বিষয়ে বেশী বেশী গুরুত্বপ্রদান ও বাজেট বরাদ্দ দিতে হবে। মানুষের মৌলিক অধিকার হিসেবে এসব বিষয় সরকারকেই নিশ্চিত করতে হবে। সরকার গত অর্থ বছরে স্বাস্থ্যখাতে মূল বাজেটের প্রায় ৫.০২% বরাদ্দ দিয়েছিল কিন্তু সেটা ছিল অপ্রতুল। এরপরও তার সঠিক বাস্তবায়ন হয়নি। এবারের বাজেটে স্বাস্থ্য খাতে বাজেট আরো বাড়াতে হবে এবং এর সঠিক বাস্তবায়নে সরকারকে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করতে হবে। আমাদের দেশের উপজেলা ও জেলা পর্যায়ে সরকারী



হাসপাতালগুলোর ব্যবস্থাপনা দুর্বল বলে এখন মানুষ তার প্রত্যাশিত সেবা পাচ্ছে না যে কারণে বেসরকারী ক্লিনিক দিন দিন বেড়ে যাচ্ছে। সঠিক নীতিমালা ও অব্যবস্থাপনা এবং দুর্বল মনিটরিং ব্যবস্থাপনার কারণে সরকারী ডাক্তারগন ব্যক্তিগত ভাবে নিজস্ব চেম্বারে ও প্রাইভেট ক্লিনিকে গিয়ে রোগী দেখেন। ফলে রোগীরা তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন।

উপজেলা পর্যায়ে প্রতিটি সরকারী হাসপাতালে ৯জন ডাক্তার নিয়োজিত থাকার কথা থাকলেও প্রকৃতপক্ষে ২/৩ জনের বেশী থাকেনা। অনেক ডাক্তারের পোস্টিং/কর্মস্থল উপজেলা পর্যায়ে থাকলেও এরা অবৈধভাবে (Doctors Association of Bangladesh(DAB) এর মাধ্যমে প্রভাব খাটিয়ে অন্যত্র গিয়ে প্রাকটিস করে। ডাক্তারদের দায়বদ্ধতা ও জবাবদিহিতা বাড়ানোর জন্য সরকারকে মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করতে হবে। একজন ডাক্তার যাতে উপজেলা পর্যায়ে থাকে সেজন্য তার সুযোগ সুবিধাগুলো সরকারকে নিশ্চিত করতে হবে এবং রোগী যাতে পরিপূর্ণ আধুনিক সেবা পায় সেজন্য সরকারী হাসপাতাল গুলোতে প্রয়োজন মতো আধুনিক চিকিৎসা সরঞ্জামাদী এবং দক্ষ জনবল নিশ্চিত করতে হবে। হাসপাতাল সমূহে রোগীদের জন্য পর্যাপ্ত ঔষধ নিশ্চিত করতে হবে। অনেক হাসপাতালে আধুনিক চিকিৎসা যন্ত্রপাতি থাকলেও দক্ষ টেকনিশিয়ানের অভাবে সেটাও সঠিক ব্যবহার হচ্ছেনা। মন্ত্রনালয়ের সঠিক উদ্বোধন ও ব্যবস্থাপনার এবং কঠোর মনিটরিং এর মাধ্যমে এ সেবা নিশ্চিত করা সম্ভব।

গবেষণায় দেখা গেছে ১৬% গর্ভবতী মহিলা সেবা নেওয়ার জন্য হাসপাতালে যায় কিন্তু তারাও প্রত্যাশিত সেবা পায়না। প্রাইভেট ক্লিনিকে গিয়ে সেবা নেওয়ার জন্য গ্রামের কয়জনেরইবা সামর্থ্য রয়েছে সেটা সরকারকে বিবেচনায় আনতে হবে। বাজেটে যে বরাদ্দ

দেওয়া হয় সেটাও সুনির্দিষ্ট না। অনেকগুলো মন্ত্রনালয়ের সম্পৃক্ততা থাকার কারণে বাজেট বাস্তবায়নে বিভিন্ন জটিলতা দেখা দেয়। আমলাতান্ত্রিক জটিলতা কমিয়ে সরকারকে জনমানুষের কাছে সেবা পৌঁছিয়ে দেওয়ার সহজ ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাজেটের পূর্বে



সাভে করে হাসপাতাল গুলোর অবকাঠামোগত, জনশক্তি সম্পৃক্ততা এবং ব্যবস্থাপনাগত দুর্বলতাদিক সমূহ আগেই বের করে আনতে হবে এবং সেমতে প্রয়োজনীয় ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যবস্থাপনার ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি ও বেসরকারী উন্নয়ন সংগঠন গুলোর সহযোগীতা নেওয়া যেতে পারে। এলাকা/অঞ্চল ভিত্তিক কোন কোন রোগের প্রাদুর্ভব বেশী হয় এবং কোন ধরনের রোগীরা হাসপাতালে আসে সেবিষয়টা বিবেচনায় রেখে প্রয়োজনীয় সরঞ্জাম ও লোকবল নিশ্চিত করতে হবে।

দক্ষ চিকিৎসক হওয়া ও আধুনিক চিকিৎসা পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণের নামে ডাক্তারগন যাতে বেশী দিন স্ব-স্ব কর্মস্থল থেকে বিছিন্ন না থাকতে পারে এবং শহরমুখী হওয়ার প্রবণতা বৃদ্ধি না পায় সেটাও ভেবে দেখতে হবে। অনেক ডাক্তার ভাল ডিগ্রী পাওয়ার জন্য বেশী বেশী দেশের বাইরে চলে যেতে চান, তাই দক্ষতা বৃদ্ধির বিষয়টার প্রভাব যেন ন্যাতিবাচক না হয়ে ইতিবাচক হয়, সেজন্য সরকারকে একটা নীতিমালা প্রণয়ন করতে হবে।

উপজেলা পর্যায়ে হাসপাতাল গুলোতে অনেক ডাক্তার প্রতিদিন কোন কোন সময় ৩০০শ এর ও বেশী রোগী দেখেন। কোন কোন সময় রোগীর ইতিহাস না শোনেই প্রেসক্রিপশন প্রদান করা হয়। এতে অনেক সময় রোগীর আরোগ্যের চেয়ে ক্ষতিই বেশী হয়। তাই বাধ্য হয়ে রোগীকে প্রাইভেট ক্লিনিকে যেতে হয় অথবা মৃত্যুমুখে পতিত হতে হয়।

সামনের বাজেটে সরকারকে এ খাতে বরাদ্দ বাড়াতে হবে এবং তার সঠিক বাস্তবায়ন ও মানোন্নয়নে মনিটরিং নিশ্চিত করতে হবে। এ সেবা যেন বেসরকারী খাতে চলে না যায় সেজন্য সরকারকে আরো আন্তরীক হতে হবে। যেহেতু ৮০% লোক গ্রামে বাস করে সেজন্য তাদের সেবার মান উন্নয়নে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী কাঠামো গুলোকে শক্তিশালী করতে হবে। জনগন স্থানীয়ভাবেই যেন সেবা পায় সরকারকে সেটা নিশ্চিত করতে হবে।

ডকুমেন্টেশনঃ আতিকুল ইসলাম চৌধুরী।

Equity & Justice Working Group (EJWG)

mPPerj q: emw 9/4, moK 2. k'vgj x, XvKv-1207 |

fclvb : 8125181, 8154673, d'vK&: 9129395,

BtqBj : info@equitybd.org,

I tqe mwBU : www.equitybd.org